

সীমিত

সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ  
যোগাযোগ শাখা  
ঢাকা ১২০৫  
দূরালাপনী : ৯৬৫০০০১ বর্ধিত ৩৩৩  
www.bgb.gov.bd

৪৪.০২.১২০৫.০০৫.০১.১৩৩.১৮

১৩ ভাদ্র ১৪২৫  
২ আগস্ট ২০১৮

ইনোভেশন টিমসমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসংগে

বরাত :

ক। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রাজনৈতিক অধিশাখা-৫ স্মারক নং ৪৪.০০.০০০০.০৭৮.০৬.০৫৮.১৭-১৪৯ তারিখ ১৮ জুলাই ২০১৭।

১। বরাত পত্রের চাহিদার আলোকে অত্র সংস্থার বিষয়োক্ত কর্মপরিকল্পনা ক্রোড়পত্র ক আকারে এতদসংগে প্রেরণ করা হলো।

২। আপনাদের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমে জন্য প্রেরণ করা হলো।

ক্রোড়পত্র :

ক। ২০১৮-২০১৯ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন - ০১ (এক) পাতা।

বিতরণ :


বহির্গমন :

কার্যক্রম :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
রাজনৈতিক অধিশাখা-৫

অবগতি :

অতিরিক্ত মহাপরিচালকের অফিস

  
অশিফাকুর রাহাত সিদ্দিক  
পরিচালক  
মহাপরিচালকের পক্ষে  
dircomm@bgb.gov.bd

সীমিত

**২০১৮-২০১৯ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন**

১। **চিকিৎসা শাখা (সিএমএসডি স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার) :** চিকিৎসা শাখার অধিনস্থ সিএমএসডি ঢাকা এর তত্ত্বাবধানে সকল প্রকার ঔষধ ক্রয়, সংরক্ষণসহ আভ্যন্তরীণ ও বিভিন্ন ইউনিটে বিতরণ করা হয়। যেখানে অতিরিক্ত জনবলের প্রয়োজন, ঔষধ এর মজুদ ও বিতরণের সঠিক হিসাব সংরক্ষণে গাণিতিক ভুলসহ নানাবিধ জটিলতার সৃষ্টি হয়। এছাড়াও সময়ের অপচয় হয়। উক্ত অবস্থা নিরসণ কল্পে অত্যাধুনিক প্রযুক্তিগত CMSD Store Management সফটওয়্যার ব্যবস্থাপনার মাধ্যমে হিসাব পদ্ধতি চালু করণের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। বর্ণিত সফটওয়্যার ব্যবহার করা হলে অতি দ্রুত সময়ে সঠিক ও নির্ভুলভাবে ঔষধের ক্রয়/সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করা সহজতর হবে এবং কম সংখ্যক জনবলে কার্য সম্পাদন করা সম্ভব হবে। একই সাথে বর্ডার গার্ড বাংলাদেশ এর সকল ইউনিটের চাহিদা ও বিতরণ কার্যক্রম সচ্ছতার সাথে সম্পাদন করা সম্ভব হবে।

মেন্টর : ব্রিগেডিয়ার জেনারেল এ কিউ এম শামছুল হক, এস জি পি, এম সি পি এস, এম পি এইচ, এমফিল, অতিরিক্ত মহাপরিচালক, সদর দপ্তর বিজিবি, চিকিৎসা শাখা, ঢাকা।

২। **যোগাযোগ শাখা (কেন্দ্রীয় সিগন্যাল ইকুইপমেন্ট স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার) :** যোগাযোগ শাখার অধিনস্থ কেন্দ্রীয় সিগন্যাল ইকুইপমেন্ট স্টোরের যাবতীয় ইকুইপমেন্ট ক্রয়, মজুদ, বিতরণ এবং পুরাতন/অকেজো সরঞ্জামাদি সংরক্ষণের হিসাব পূর্বের প্রচলিত নিয়মে করা হচ্ছে। যার ফলে বিভিন্ন ইউনিট সমূহে সিগন্যাল ইকুইপমেন্ট এর সঠিক ব্যবহার, ঘাটতি এবং চাহিদা সমন্বয়ের ক্ষেত্রে প্রশাসনিক জটিলতার সৃষ্টি হচ্ছে। স্টোর সংরক্ষণে Comm Store Management সফটওয়্যার ব্যবহার করে অতি দ্রুত ঘাটতি নির্ণয় করত ক্রয়/বিতরণ এবং পুরাতন ইকুইপমেন্ট জমাকরণের কার্যক্রম অতি সহজেই করা সম্ভব হবে বিধায় বর্ণিত সফটওয়্যারের ব্যবহারের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এই সফটওয়্যার ব্যবহারের ফলে সকল কার্যক্রম অতি দ্রুত ও নির্ভুলভাবে করা সম্ভব হবে।

মেন্টর : কর্নেল মোঃ আবদুন নূর, পিএসসি, টিই, উপ মহাপরিচালক, সদর দপ্তর বিজিবি, যোগাযোগ শাখা, ঢাকা।

৩। **বিজিবি রিপোর্টিং সফটওয়্যার :** অপারেশন পরিদপ্তর কর্তৃক বিজিবি রিপোর্টিং সফটওয়্যার তৈরীর পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। মোবাইল এ্যাপ ভিত্তিক এ সফটওয়্যারটির মাধ্যমে মাঠ পর্যায়ে বিওপি কমান্ডারগণ যেকোন ঘটনা/দুর্ঘটনার বিবরণ দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তর বিজিবিতে প্রেরণ করতে পারবেন। এর ফলশ্রুতিতে মাঠ পর্যায় হতে উল্লেখযোগ্য তথ্য কেন্দ্রীয়ভাবে সদর দপ্তর বিজিবিতে সংরক্ষিত থাকবে এবং পরবর্তীতে প্রয়োজনে যেকোন আপরাধমূলক তথ্য পর্যালোচনা করা সহজ হবে।

মেন্টর : ব্রিগেডিয়ার জেনারেল খোন্দকার ফরিদ হাসান, পিবিজিএম (বার), এনডিসি, অতিরিক্ত মহাপরিচালক, সদর দপ্তর বিজিবি, অপারেশন ও প্রশিক্ষণ শাখা, ঢাকা।

৪। **নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির জন্য নিম্নোক্তভাবে প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ করা হবে :**

- |    |   |   |        |
|----|---|---|--------|
| ক। | এক দিনের ওরিয়েন্টেশন/কর্মশালা/সেমিনার আয়োজনের তারিখ/পরিকল্পনা             | - | ০২ টি। |
| খ। | উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন/অগ্রগতি/পরিকল্পনা | - | ০২ টি। |
| গ। | উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন/অগ্রগতি/পরিকল্পনা | - | ০১ টি। |